

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**  
**হাইকোর্ট বিভাগ**  
(২০২৬ ইং সনের ১৩৪ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২০ মে ২০২৬ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে ২১ মে ২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩ঃ৪৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

১. **বিচারপতি মোঃ ইকবাল কবির**  
**এবং**  
**বিচারপতি এস, এম, সাইফুল ইসলাম**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল প্রকার রীট মোশন ও **তৎসংক্রান্ত** শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২. **বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা**  
**এবং**  
**বিচারপতি ফয়সল হাসান আরিফ**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন এবং অগ্রাধিকার ভিত্তিতে মামলার সন ও **নব্বরের ধারাবাহিকতা অনুসরণ করিয়া মৃত্যুদণ্ডদেশ কনফারমেশনের রেকর্ডে** এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; ফৌজদারী বিবিধ যদি থাকে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

৩. **বিচারপতি মহি উদ্দিন শামীম**  
**এবং**  
**বিচারপতি জেসমিন আরা বেগম**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন এবং অগ্রাধিকার ভিত্তিতে মামলার সন ও **নব্বরের ধারাবাহিকতা অনুসরণ করিয়া মৃত্যুদণ্ডদেশ কনফারমেশনের রেকর্ডে** এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; ফৌজদারী বিবিধ যদি থাকে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

**স্বাঃ-**

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ১৯ মে ২০২৬ খ্রি।

**প্রচারের জন্যঃ**

১. **বিচারপতি মোঃ ইকবাল কবির**  
২. **বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা**

৩. বিচারপতি মহি উদ্দিন শামীম
৪. বিচারপতি ফয়সল হাসান আরিফ
৫. বিচারপতি এস, এম, সাইফুল ইসলাম
৬. বিচারপতি জেসমিন আরা বেগম